


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৬  
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)



স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০০৫.১৯. ১৬

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ


বিষয় : ই-নামজারির আবেদন নিষ্পত্তির হার শতভাগে উন্নীতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে গত ২৯/০৩/২০২১খ্রি: তারিখে অনুষ্ঠিত ই-নামজারির ত্রৈমাসিক অগ্রগতি বিষয়ক সভায় ড্যাসবোর্ড হতে সারাদেশের জেলাভিত্তিক অগ্রগতির চিত্র পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, গত ২৯/০৩/২০২১খ্রি: তারিখ পর্যন্ত নারায়নগঞ্জ, কক্সবাজার, ফেণী ও মাগুরা জেলার ই-নামজারির নিষ্পত্তির হার যথাক্রমে ৭৪%, ৭৮%, ৭৬% ও ৭৫%। যা সন্তোষজনক নয়। ই-নামজারির আবেদন নিষ্পত্তির হার ৮০% এর নিচে হওয়ায় উপরে বর্ণিত জেলাসমূহে কিভাবে নিষ্পত্তির হার শতভাগে উন্নীত করা যায় সে ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে জেলা ভিত্তিক অগ্রগতির চিত্র উল্লেখপূর্বক তাগিদ দেয়ার পক্ষে সভার মত প্রকাশ করা হয়। সভায় বিস্তারিত আলোচনার আলোকে নিম্ন সিদ্ধান্ত গৃহীত হয়:

“বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম ও খুলনাকে তাঁদের আওতাধীন নারায়নগঞ্জ, কক্সবাজার, ফেণী ও মাগুরা জেলার হালনাগাদ অগ্রগতির চিত্র উল্লেখপূর্বক ই-নামজারির আবেদন নিষ্পত্তির হার শতভাগে উন্নীত করার জন্য তাগিদ দিতে হবে।”

অতএব, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী তাঁর আওতাধীন সংশ্লিষ্ট জেলার ই-নামজারির আবেদন নিষ্পত্তির হার শতভাগে উন্নীত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিভাগীয় কমিশনার  
ঢাকা/চট্টগ্রাম/খুলনা

  
০৬.৪.২১  
(জিনিয়া জিন্মাত)  
সহকারী ভূমি সংস্কার কমিশনার  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা  
ফোন- ৮১৭০১৫৭  
ই-মেইল [alrc6@lrb.gov.bd](mailto:alrc6@lrb.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ( বিষয়টি নিশ্চিতকরণার্থে তদারকি করার অনুরোধসহ)।
- (৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।
- (৪) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৫) অফিস কপি।